



## দক্ষিণের দর্পন বার্তা



## সভাপতির কলমে

মোদের গরব, মোদের আশা,  
আ-মরি বাংলা ভাষা।  
মাগো তোমার কোলে, তোমার বোলে,  
কতই শান্তি ভালোবাসা.....



সত্যি ই বাংলা ভাষা আমাদের নাড়ির টান, বাংলা ভাষা আমাদের গর্বা সেই সুদূর প্রাচীন কাল থেকেই বাংলা ভাষা আমাদের এক সূতোয় বেঁধে রেখেছে, বাংলা ভাষা প্রতিটা বাঙালির সুখ দুঃখ ভালোবাসার সাথী, প্রতিটা দিনের সূর্যোদয় থেকে সূর্যাস্ত অবধি আমরা বয়ে চলেছি ওই বাংলা ভাষার টানেই। এই ভাবধারাতেই অনুপ্রাণিত হয়ে আমরা প্রকাশ করতে চলেছি দক্ষিণের দর্পনের তৃতীয় সংখ্যা, দক্ষিণের দর্পন নামটা যেন বহুল তাৎপর্য পূর্ণ, আমরা যারা চেনাইবাসি, এই দক্ষিণের দর্পনেই আমরা একে অপরের প্রতিচ্ছবি দেখতে পাবো নিরন্তর। আমি গর্বিত যে আমাদের এই তৃতীয় সংখ্যায় বহু স্বনামধন্য লেখক লেখিকারা লিখেছেন, এইভাবেই আমাদের সম্মিলিত প্রচেষ্টায় এই দক্ষিণের দর্পন একদিন দেশের একটি শ্রেষ্ঠ বাংলা পত্রিকায় উপনীত হবে।

দক্ষিণের দর্পন নিয়ে লিখতে বসে যেন হাজার কথা মনের আকাশে ভিড় করে এলো, এই বাংলা ভাষাই তো ফিরিয়ে দেয় পুরোনো দিনগুলিকে নতুন আঙ্গিকে, স্বপ্ন দেখতে শেখায়, বাঁচার প্রেরণা যোগায়। আমাদের যাপিত জীবনের বছরভোর হিসেবের সালতামামি লেনদেন আর সুবিধা সুযোগের পরাধীন মাটিতে বুকভরা করে থাকে রক্ত মেঘ, হাজার ব্যস্ততা আর জৈবিক চাহিদায় ক্লান্ত আমরা ক্ষনিকের শান্তি পাই বাংলা ভাষাকে আঁকড়ে। বাংলা সাহিত্য আমাদের দিয়েছে অনেক কিছু, দেশের চরম বিপর্যয় থেকে শুরু করে ভারত মাতার পরাধীনতার গ্লানি মুছে দিতে বাংলা ভাষার অবদান আমরা কোনো দিনই ভুলবো না। দেশের আপামর মানুষকে একত্রিত করতে, তাদের দেশাত্মমূলক কাজে উদ্বুদ্ধ করতে গুণী মানুষের কলম থেকে বয়ে পড়েছিল বাংলা ভাষার ঝংকার, যা কাঁপিয়ে তুলেছিল বিশ্বের কঠোর শক্তিকেও। আমাদের দক্ষিণের দর্পনও সর্বাঙ্গিক ভাবে সেই বাংলা ভাষার রীতিকে চলমান করে রাখবে আজীবন আশাকরি।

অনেকদিন পর লিখতে বসে যেন কাব্যিক হয়ে উঠলাম,  
শুয়েছে ভোরের রোদ ধানের উপরে মাথা পেতে  
শিউলির সুবাস ভেসে আসা, এই কার্তিকের ক্ষেতে  
মাঠের ঘাসের গন্ধ বুকুে তার  
চোখে তার শিশিরের হ্রান... দক্ষিণের দর্পনের শৈশবের হাটাহাটি পা ফেলা। জন্ম লগ্নেই যেন দিকেদিকে তার প্রতিভার আলোচ্ছটা, আশা রাখি দক্ষিণের দর্পন হয়ে উঠবে মৃত্যুঞ্জয়ী, অস্থির শারদপ্রাতে মা দুর্গার আবির্ভাবের মতো দক্ষিণেরদর্পন ও পুনঃপুনঃ আমাদের সামনে আবির্ভূত হবে সব বাধা পেরিয়ে।

শ্রী চন্ডী মুখার্জী

সভাপতি, বেঙ্গল এসোসিয়েসন, চেন্নাই

